



## 346761 - Golden Farm ওয়েবসাইটে বিনিয়োগ করার হুকুম কি?

### প্রশ্ন

আমি ৮ মাস যাবত একটি বিনিয়োগ ওয়েবসাইটে কাজ করছি। আমার চ্যানলে এ ওয়েবসাইটে বজ্জ্ঞাপন দিয়েছি। তবে আমার ভয় হচ্ছে আমার কাজটি হারাম। যে ওয়েবসাইটে আমি কাজ করছি এর নাম golden Farm। পাখি কনোর জন্য। শুধু পাখি কনোর জন্য এবং পাখি ডিম বিক্রি করে লাভ করা। এটি একটি ইলেকট্রনিক গাইম। আমি প্রায় ৯ মাস ধরে ৭ ডলার বিনিয়োগ করছি। যারা আমার পাঠানো লিংক ব্যবহার করে রেজিস্ট্রেশন করছে সেটোর স্বীকৃতি দিয়ে হয়েছে। ওয়েবসাইটে লেখা আছে লাভ অর্জতি। এটি কি হালাল; নাকি হারাম?

### প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।

এ ওয়েবসাইটে দুটো কারণে বিনিয়োগ করা জায়যে নয়:

এক: সুদ। যহেতে সাবস্ক্রাইবার অতিরিক্ত অর্থ পাওয়ার জন্য কিছু অর্থ প্রদান করে থাকে; প্রকৃতপক্ষে কোন বিনিয়োগে অস্বত্ব নাই। বরং এটি একটি গাইম; তাতে সে কিছু পাখি কিনে। প্রত্যেকেটি পাখি প্রতি ঘণ্টায় নরিদ্বিষ্ট পরিমাণ ডিম পাড়ে। ডিম পাড়ার পর ডিমগুলো বিক্রি করে। বাস্তবে কোন মুরগীও নাই; ডিমও নাই। বরং কিছু অর্থ পাওয়ার জন্য সে কিছু অর্থ প্রদান করে। এটি হারাম। চাই সে যা পাবে সেটা জ্ঞাত হোক কিংবা অজ্ঞাত হোক।

এটি সুদে নব-উদ্ভাবিত পদ্ধতি। খেলার মাধ্যমে যার চর্চা করা হচ্ছে। সুদ একটি কবরি গুনাহ। সুদে লেনদেনকারী লানতপ্রাপ্ত।

শরিয়ত অনুমোদিত বিনিয়োগে কিছু শর্ত রয়েছে। এখানে এর কোনটি পাওয়া যাচ্ছে না। বাস্তবে ওয়েবসাইটের কোন বিনিয়োগ আছে মরমে জানা যায় না। লাভের অনুপাতের ব্যাপারে কোন চুক্তি নাই। আবার মূলধন ঠিক থাকার নিশ্চয়তা প্রদান। এগুলো সবই অংশীদারত্ব ব্যবসা ও শরিয়ত অনুমোদিত বিনিয়োগের সাথে সাংঘর্ষিক।

বিনিয়োগের শর্তগুলো জানতে [113852](#) নং প্রশ্নোত্তরটি পড়ুন।

দুই: জুয়া ও বাজি। যা লিংক শেয়ার করা ও অন্যদেরকে আহ্বান করার মাধ্যমে লাভ করার সাথে সম্পৃক্ত। আর তা অর্জতি হয় না পাখি কনোর সময় অর্থ প্রদান করা ছাড়া।



ইতপূর্ববে একাধিক ফতোয়াতে উল্লেখ করা হয়েছে যে, যদি ওয়বে মার্কটেটি এর জন্য পমেন্ট করতে হয় তাহলে সটো হারাম এবং সটো জুয়ার অন্তর্ভুক্ত।

এর সাথে মানুষকে সুদী বনিয়োগে অংশগ্রহণ করার জন্য আহ্বান করার হারাম হওয়া তো আছেই।

অতএব, আপনার কর্তব্য হলো আল্লাহর কাছে তাওবা করা। এই ওয়বেসাইটে লেনদনে করা বাদ দ্যো। মানুষকে এর দাওয়াত দ্যো বর্জন করা এবং যাদেরকে আপনি ডেকে এনছেন তাদেরকে এটি ছেড়ে দিতে বলা এবং তাদেরকে জানিয়ে দ্যো যে, এ ওয়বেসাইটের সাথে লেনদনে করা হারাম।

আল্লাহই সর্বজ্ঞঃ।